

## সংবাদ সংক্ষেপ

### ব্রি ১০৮ ধানের মাঠ দিবস

**গোপালগঞ্জ প্রতিনিধি :** গোপালগঞ্জে ব্রি ধান ১০৮-এর ফসল কাটা ও মাঠ দিবস করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট। শনিবার বিকালে সদর উপজেলার বোড়াশী ইউনিয়নের বোড়াশী দক্ষিণপাড়া গ্রামের কৃষক রবীন্দ্রনাথ বিশ্বাসের জমিতে উৎপাদিত ব্রি ১০৮ জাতের ধান কেটে পরিমাপ করে মাঠ দিবস পালন করা হয়। ব্রি গোপালগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে আয়োজিত এ মাঠ দিবসে প্রধান অতিথির বক্তব্য দেন ব্রি-এর পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম।